কৃষিই সমৃদ্ধি

**(একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত সংশোধিত আদেশ)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৭২৪

তারিখ : ২৫ কার্তিক ১৪২৯ / ১০ নভেম্বর ২০২২

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড (এসএল-৮এইচ) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা প্রদান কর্মসূচির আওতায় বোরো হাইব্রিড ধানের উৎপাদন বৃদ্ধির জন্য ৮১৭৫.০০ লক্ষ (একাশি কোটি পঁচাত্তর লক্ষ) টাকা ছাড়করণ ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি আদেশ।

মহোদয়,

ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড (এসএল-৮ এইচ) ধানের বীজ ব্যবহারের মাধ্যমে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থবছরে কৃষি মন্ত্রণালয়ের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা খাত' এর অধীন বরাদ্দকৃত '৩২৫১১০৯-বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩১৫০০.০০ লক্ষ (তিনশত পনের কোটি) টাকা হতে ৮১০০.০০ (একাশি কোটি) টাকা এবং '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ (ষাট কোটি) টাকা হতে ৭৫.০০০ লক্ষ (পঁচাত্তর লক্ষ) টাকা অর্থাৎ মোট ৮১৭৫.০০ লক্ষ (একাশি কোটি পঁচাত্তর লক্ষ) টাকা নিম্নে বর্ণিত ০২ নং অনুচ্ছেদের বিভাজন, ০৩ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি', পরিশিষ্ট-'ক' তে উল্লিখিত **বীজের জেলাওয়ারী বিভাজন** এবং ০৪ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য ৬১টি জেলার জেলা প্রশাসক ও ৩ টি পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতির অনুকূলে নির্দেশক্রমে এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত 'বাস্তবায়ন পদ্ধতি' ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। ২০২২-২৩ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড (এসএল-৮এইচ) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ সহায়তা প্রদান কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন। উল্লেখ্য, এলাকাভিত্তিক চাষাবাদ এবং চাহিদা বিবেচনায় দিনাজপুর জেলা হতে কৃষক সংখ্যা ২০০০ জন এবং আনুপাতিকহারে বীজের পরিমান ৪.০ মে.টন কমিয়ে গোপালগঞ্জ জেলার বরাদ্দের সাথে তা বৃদ্ধি করে সংশোধন করা হলো। এতে করে সমুদয় চাষীর সংখ্যা, বীজের পরিমান এবং মোট বরাদ্দকৃত অর্থের পরিমাণ অপরিবর্তীত রয়েছে।

| ক্র: নং | জেলার নাম | জমির পরিমাণ (বিঘা)/ উপকারভোগী কৃষকের (সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজের পরিমান (মে.টন) | বীজের মূল্য (লক্ষ টাকা) | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট পরিবহন ও আনুষংগিক ব্যয় | |
| ১ | ঢাকা | ৩০০০ | ৬.০০০ | ১৫.৬০০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ১৫.৭৫০ |
| ২ | নারায়ণগঞ্জ | ৫০০০ | ১০.০০০ | ২৬.০০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ২৬.২৫০ |
| ৩ | গাজীপুর | ১০০০০ | ২০.০০০ | ৫২.০০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ৫২.৫০০ |
| ৪ | নরসিংদি | ৯০০০ | ১৮.০০০ | ৪৬.৮০০ | ০.২৭০ | ০.১৮০ | ০.৪৫০ | ৪৭.২৫০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ৬০০০ | ১২.০০০ | ৩১.২০০ | ০.১৮০ | ০.১২০ | ০.৩০০ | ৩১.৫০০ |
| ৬ | মানিকগঞ্জ | ১৭৫০০ | ৩৫.০০০ | ৯১.০০০ | ০.৫২৫ | ০.৩৫০ | ০.৮৭৫ | ৯১.৮৭৫ |
| ৭ | টাংগাইল | ৪৮০০০ | ৯৬.০০০ | ৩৬৯.৬০০ | ১.৪৪০ | ০.৯৬০ | ২.৪০০ | ৩৭২.০০০ |
| ৮ | কিশোরগঞ্জ | ৫০০০০ | ১০০.০০০ | ২৬০.০০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ২৬২.৫০০ |
| ৯ | ময়মনসিংহ | ৫২০০০ | ১০৪.০০০ | ২৭০.৪০০ | ১.৫৬০ | ১.০৪০ | ২.৬০০ | ২৭৩.০০০ |
| ১০ | জামালপুর | ২৮০০০ | ৫৬.০০০ | ১৪৫.৬০০ | ০.৮৪০ | ০.৫৬০ | ১.৪০০ | ১৪৭.০০০ |
| ১১ | শেরপুর | ২০০০০ | ৪০.০০০ | ১০৪.০০০ | ০.৬০০ | ০.৪০০ | ১.০০০ | ১০৫.০০০ |
| ১২ | নেত্রকোনা | ৪০০০০ | ৮০.০০০ | ২০৮.০০০ | ১.২০০ | ০.৮০০ | ২.০০০ | ২১০.০০০ |
| ১৩ | কুমিল্লা | ৫১০০০ | ১০২.০০০ | ২৬৫.২০০ | ১.৫৩০ | ১.০২০ | ২.৫৫০ | ২৬৭.৭৫০ |
| ১৪ | চাঁদপুর | ১৬০০০ | ৩২.০০০ | ৮৩.২০০ | ০.৪৮০ | ০.৩২০ | ০.৮০০ | ৮৪.০০০ |
| ১৫ | বি,বাড়িয়া | ৩৬০০০ | ৭২.০০০ | ১৮৭.২০০ | ১.০৮০ | ০.৭২০ | ১.৮০০ | ১৮৯.০০০ |
| ১৬ | সিলেট | ৪৫০০০ | ৯০.০০০ | ২৩৪.০০০ | ১.৩৫০ | ০.৯০০ | ২.২৫০ | ২৩৬.২৫০ |

| ক্র: নং | জেলার নাম | জমির পরিমাণ (বিঘা)/ উপকারভোগী কৃষকের (সংখ্যা) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজের পরিমান (মে.টন) | বীজের মূল্য (লক্ষ টাকা) | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট পরিবহন ও আনুষংগিক ব্যয় | |
| | | | | | | ০.৫৬০ | ১.৪০০ | ১৪৭.০০০ |
| ১৭ | মৌলভীবাজার | ২৮০০০ | ৫৬.০০০ | ১৪৫.৬০০ | ০.৮৪০ | ০.৫৬০ | ১.৪০০ | ১৪৭.০০০ |
| ১৮ | হবিগঞ্জ | ২৮০০০ | ৫৬.০০০ | ১৪৫.৬০০ | ০.৮৪০ | ০.৭৭০ | ১.৯২৫ | ২০২.১২৫ |
| ১৯ | সুনামগঞ্জ | ৩৮৫০০ | ৭৭.০০০ | ২০০.২০০ | ১.১৫৫ | ০.৯৬০ | ২.৪০০ | ২৫২.০০০ |
| ২০ | চট্টগ্রাম | ৪৮০০০ | ৯৬.০০০ | ২৪৯.৬০০ | ১.৪৪০ | ০.৪৮০ | ১.২০০ | ১২৬.০০০ |
| ২১ | কক্সবাজার | ২৪০০০ | ৪৮.০০০ | ১২৪.৮০০ | ০.৭২০ | ০.৫৪০ | ১.৩৫০ | ১৪১.৭৫০ |
| ২২ | নোয়াখালী | ২৭০০০ | ৫৪.০০০ | ১৪০.৪০০ | ০.৮১০ | ০.৩৬০ | ০.৯০০ | ৯৪.৫০০ |
| ২৩ | ফেনি | ১৮০০০ | ৩৬.০০০ | ৯৩.৬০০ | ০.৫৪০ | ০.৩০০ | ০.৭৫০ | ৭৮.৭৫০ |
| ২৪ | লক্ষীপুর | ১৫০০০ | ৩০.০০০ | ৭৮.০০০ | ০.৪৫০ | ০.২০০ | ০.৫০০ | ৫২.৫০০ |
| ২৫ | রাংগামাটি | ১০০০০ | ২০.০০০ | ৫২.০০০ | ০.৩০০ | ০.১৬০ | ০.৪০০ | ৪২.০০০ |
| ২৬ | খাগরাছড়ি | ৮০০০ | ১৬.০০০ | ৪১.৬০০ | ০.২৪০ | ০.১৪০ | ০.৩৫০ | ৩৬.৭৫০ |
| ২৭ | বান্দরবান | ৭০০০ | ১৪.০০০ | ৩৬.৪০০ | ০.২১০ | ০.৮৮০ | ২.২০০ | ২৩১.০০০ |
| ২৮ | রাজশাহী | ৪৪০০০ | ৮৮.০০০ | ২২৮.৮০০ | ১.৩২০ | ০.৮৮০ | ২.২০০ | ২৩১.০০০ |
| ২৯ | নওগাঁ | ৪৪০০০ | ৮৮.০০০ | ২২৮.৮০০ | ১.৩২০ | ০.৫৬০ | ১.৪০০ | ১৪৭.০০০ |
| ৩০ | নাটোর | ২৮০০০ | ৫৬.০০০ | ১৪৫.৬০০ | ০.৮৪০ | ০.৪০০ | ১.০০০ | ১০৫.০০০ |
| ৩১ | চাঁপাই নবাবগঞ্জ | ২০০০০ | ৪০.০০০ | ১০৪.০০০ | ০.৬০০ | ০.৯৬০ | ২.৪০০ | ২৫২.০০০ |
| ৩২ | বগুড়া | ৪৮০০০ | ৯৬.০০০ | ২৪৯.৬০০ | ১.৪৪০ | ০.৩০০ | ০.৭৫০ | ৭৮.৭৫০ |
| ৩৩ | জয়পুরহাট | ১৫০০০ | ৩০.০০০ | ৭৮.০০০ | ০.৪৫০ | ০.৭২০ | ১.৮০০ | ১৮৯.০০০ |
| ৩৪ | পাবনা | ৩৬০০০ | ৭২.০০০ | ১৮৭.২০০ | ১.০৮০ | ০.৭২০ | ১.৮০০ | ১৮৯.০০০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ৩৬০০০ | ৭২.০০০ | ১৮৭.২০০ | ১.০৮০ | ০.৭২০ | ১.৮০০ | ১৮৯.০০০ |
| ৩৬ | রংপুর | ৩৬০০০ | ৭২.০০০ | ১৮৭.২০০ | ১.০৮০ | ০.৪২০ | ১.০৫০ | ১১০.২৫০ |
| ৩৭ | গাইবান্ধা | ২১০০০ | ৪২.০০০ | ১০৯.২০০ | ০.৬৩০ | ০.৫৪০ | ১.৩৫০ | ১৪১.৭৫০ |
| ৩৮ | কুড়িগ্রাম | ২৭০০০ | ৫৪.০০০ | ১৪০.৪০০ | ০.৮১০ | ০.৩০০ | ০.৭৫০ | ৭৮.৭৫০ |
| ৩৯ | লালমনিরহাট | ১৫০০০ | ৩০.০০০ | ৭৮.০০০ | ০.৪৫০ | ০.৩৬০ | ০.৯০০ | ৯৪.৫০০ |
| ৪০ | নীলফামারী | ১৮০০০ | ৩৬.০০০ | ৯৩.৬০০ | ০.৫৪০ | ১.০০০ | ২.৫০০ | ২৬২.৫০০ |
| ৪১ | দিনাজপুর | ৫০০০০ | ১০০.০০০ | ২৬০.০০০ | ১.৫০০ | ০.৩০০ | ০.৭৫০ | ৭৮.৭৫০ |
| ৪২ | ঠাকুরগাঁও | ১৫০০০ | ৩০.০০০ | ৭৮.০০০ | ০.৪৫০ | ০.৩০০ | ০.৭৫০ | ৭৮.৭৫০ |
| ৪৩ | পঞ্চগড় | ১৫০০০ | ৩০.০০০ | ৭৮.০০০ | ০.৪৫০ | ০.৪৮০ | ১.২০০ | ১২৬.০০০ |
| ৪৪ | যশোর | ২৪০০০ | ৪৮.০০০ | ১২৪.৮০০ | ০.৭২০ | ০.৩৬০ | ০.৯০০ | ৯৪.৫০০ |
| ৪৫ | ঝিনাইদহ | ১৮০০০ | ৩৬.০০০ | ৯৩.৬০০ | ০.৫৪০ | ০.১৬০ | ০.৪০০ | ৪২.০০০ |
| ৪৬ | মাগুড়া | ৮০০০ | ১৬.০০০ | ৪১.৬০০ | ০.২৪০ | ০.৪০০ | ১.০০০ | ১০৫.০০০ |
| ৪৭ | কুষ্টিয়া | ২০০০০ | ৪০.০০০ | ১০৪.০০০ | ০.৬০০ | ০.১৬০ | ০.৪০০ | ৪২.০০০ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ৮০০০ | ১৬.০০০ | ৪১.৬০০ | ০.২৪০ | ০.১২০ | ০.৩০০ | ৩১.৫০০ |
| ৪৯ | মেহেরপুর | ৬০০০ | ১২.০০০ | ৩১.২০০ | ০.১৮০ | ০.৪৪০ | ১.১০০ | ১১৫.৫০০ |
| ৫০ | খুলনা | ২২০০০ | ৪৪.০০০ | ১১৪.৪০০ | ০.৬৬০ | ০.৩৬০ | ০.৯০০ | ৯৪.৫০০ |
| ৫১ | বাগেরহাট | ১৮০০০ | ৩৬.০০০ | ৯৩.৬০০ | ০.৫৪০ | ০.২৮০ | ০.৭০০ | ৭৩.৫০০ |
| ৫২ | সাতক্ষীরা | ১৪০০০ | ২৮.০০০ | ৭২.৮০০ | ০.৪২০ | ০.২০০ | ০.৫০০ | ৮২.৫০০ |
| ৫৩ | নড়াইল | ১০০০০ | ২০.০০০ | ৮২.০০০ | ০.৩০০ | ০.৬৬০ | ১.৬৫০ | ১৭৩.২৫০ |
| ৫৪ | বরিশাল | ৩৩০০০ | ৬৬.০০০ | ১৭১.৬০০ | ০.৯৯০ | ০.৪২০ | ১.০৫০ | ১১০.২৫০ |
| ৫৫ | পিরোজপুর | ২১০০০ | ৪২.০০০ | ১০৯.২০০ | ০.৬৩০ | ০.১৬০ | ০.৪০০ | ৪২.০০০ |
| ৫৬ | ঝালোকাঠি | ৮০০০ | ১৬.০০০ | ৪১.৬০০ | ০.২৪০ | ০.১৬০ | ০.৪০০ | ৪২.০০০ |
| ৫৭ | পটুয়াখালি | ৮০০০ | ১৬.০০০ | ৪১.৬০০ | ০.২৪০ | ০.১২০ | ০.৩০০ | ৩১.৫০০ |
| ৫৮ | বরগুনা | ৬০০০ | ১২.০০০ | ৩১.২০০ | ০.১৮০ | ০.৪২০ | ১.০৫০ | ১১০.২৫০ |
| ৫৯ | ভোলা | ২১০০০ | ৪২.০০০ | ১০৯.২০০ | ০.৬৩০ | ০.৫৪০ | ১.৩৫০ | ১৪১.৭৫০ |
| ৬০ | ফরিদপুর | ২৭০০০ | ৫৪.০০০ | ১৪০.৪০০ | ০.৮১০ | ০.২৪০ | ০.৬০০ | ৬৩.০০০ |
| ৬১ | মাদারিপুর | ১২০০০ | ২৪.০০০ | ৬২.৪০০ | ০.৩৬০ | ০.৫৪০ | ১.৩৫০ | ২৩১.৭৫০ |
| ৬২ | গোপালগঞ্জ | ২৭০০০ | ৫৪.০০০ | ২৩০.৪০০ | ০.৮১০ | ০.৩০০ | ০.৭৫০ | ৭৮.৭৫০ |
| ৬৩ | রাজবাড়ী | ১৫০০০ | ৩০.০০০ | ৭৮.০০০ | ০.৪৫০ | ০.৩৬০ | ০.৯০০ | ৯৪.৫০০ |
| ৬৪ | শরিয়তপুর | ১৮০০০ | ৩৬.০০০ | ৯৩.৬০০ | ০.৫৪০ | ৩০.০০০ | ৭৫.০০০ | ৮১৭৫.০০০ |
| মোট | | ১৫০০০০০ | ৩০০০.০০০ | ৮১০০.০০০ | ৪৫.০০০ | | | |

চলমান পাতা- ৩

০৩। ২০২২-২৩ অর্থবছরে রবি মৌসুমে বোরো ধানের হাইব্রিড (এসএল-৮এইচ) জাতের বীজ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ প্রণোদনা কর্মসূচির **বাস্তবায়ন পদ্ধতি, 'কৃষক তথ্য ছক' ও পরিশিষ্ট-'ক' তে উল্লিখিত বীজের জেলাওয়ারী বিভাজন** মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

০৪। **কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী :**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে ;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কৃষি প্রণোদনা কার্যক্রম (বীজ সহায়তা) বাস্তবায়নের লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তাগণ কৃষক নির্বাচন ও অগ্রাধিকার তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি অগ্রাধিকার তালিকা অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে নীতিমালা অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৪. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি কর্মকর্তার মাধ্যমে যথাসম্ভব দ্রুত আগ্রহী কৃষকের তালিকা প্রস্তুত ও অনুমোদন করে সে অনুযায়ী বরাদ্দকৃত এলাকার ক্ষুদ্র ও প্রান্তিক হাইব্রিড ধান চাষে আগ্রহী ও উপযুক্ত কৃষক পরিবারের মাঝে বিতরণ করবে;

৫. কর্মসূচি প্রাপ্তির পর জেলা কৃষি পুনর্বাসন কমিটি যথাসম্ভব দ্রুত উপজেলাওয়ারী বিভাজন করে তদঅনুযায়ী বরাদ্দকৃত অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহি অফিসারের অনুকূলে ছাড় করবেন;

৬. এ কর্মসূচির আওতায় অগ্রাধিকার তালিকাভুক্ত একটি কৃষক পরিবার প্রতি বিঘার জন্য ২.০ কেজি বোরো হাইব্রিড বীজ সহায়তা পাবেন। ১ জন উপকারভোগী কৃষককে কেবলমাত্র ১বিঘা জমির জন্য উপকরণ সহায়তা প্রদান করা যাবে;

৭. কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৮. বর্ণিত কৃষি পুনর্বাসন কার্যক্রম মন্ত্রণালয় হতে মনিটরিং করার জন্য জেলা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **'কৃষক তথ্য ছক'** পূরন করে উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরপূর্বক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, ডিএই কর্তৃক আবশ্যিকভাবে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করতে হবে;

৯. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

১০. এ কর্মসূচির আওতায় বোরো ধানের হাইব্রিড বীজ পরিশিষ্ট-ক –তে প্রদর্শিত বিভাজন অনুযায়ী বোরো হাইব্রিড বীজ (এসএল-৮ এইচ জাতের বীজের মাধ্যমে উৎপাদন ক্ষমতা ধানে ১০(±১) মে.টন অথবা চালে ৭(±০.৭) মে.টন ফলনশীল) বিএডিসি হতে অথবা বিএডিসি সরবরাহ করতে না পারলে প্রচলিত আর্থিক বিধি বিধান মোতাবেক প্রতিষ্ঠিত বেসরকারি প্রতিষ্ঠান/ আমদানিকারক/ ব্যবসায়িক এর নিকট হতে ক্রয় করতে হবে;

১১. সকল প্রকার ব্যয় ও সমন্বয় সরকারি আর্থিক বিধি-বিধান অনুসরণ করে করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি/সদস্য সচিব (উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার) এর অফিসে সংরক্ষিত থাকবে;

১৩. উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া এ তালিকা ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবেন;

১৪. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও ৩ পার্বত্য জেলার জেলা পরিষদ চেয়ারম্যান এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে; এবং

চলমান পাতা-৪

১৫. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
মোবাইল ০১৮৫৬৩৪৩৩৩৬
E-mail input2@moa.gov.bd/moa.input2@gmail.com

নং- তারিখ

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

স্বাঃ

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪

নং- তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১৫.২১.৭২৪ তারিখ : ২৫ কার্তিক ১৪২৯ / ১০ নভেম্বর ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।**(পরিশিষ্ট-'ক' তে উল্লিখিত বীজের জেলাওয়ারী বিভাজন, বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বান্দরবান/রাঙ্গামাটি/ খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪টি জেলা)।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

চলমান পাতা-৫

১৫. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬৪টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রমের অর্থ ব্যয় সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচাক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**

১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।

১৭. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৬৪ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রমের অর্থ ব্যয় সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**

১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রমের অর্থ ব্যয় সমাপ্ত হওয়ার পর ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**

১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**

23/11/2022

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব